গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর : ২৬৫

**রাজশাহীতে নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬ এর শুভ উদ্বোধন**

রাজশাহী, ১৯ বৈশাখ (২ মে):

সারাদেশের সাথে আজ ২ মে (শনিবার) রাজশাহীতেও 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' এর শুভ উদ্বোধন করা হয়েছে। প্রধানমন্ত্রী কর্তৃক সিলেট জেলা স্টেডিয়াম থেকে আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠানটি রাজশাহী জেলা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে বড়ো পর্দায় প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে সংসদ সদস্য অ্যাডভোকেট শফিকুল হক মিলন, অধ্যাপক নজরুল ইসলাম, আবু সাঈদ চাঁদ, রাজশাহী সিটি কর্পোরেশনের প্রশাসক মো. মাহফুজুর রহমান রিটন, মহানগর বিএনপির সভাপতি ও জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট এরশাদ আলী ঈশা, আরডিএর চেয়ারম্যান তুহিনুল আলমসহ প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ খেলোয়াড়দের সাথে পরিচিত হন এবং তাদের উৎসাহ প্রদান করেন।

উল্লেখ্য যে, সরকারের নির্বাচনি প্রতিশ্রুতির অংশ হিসেবে তৃণমূল পর্যায় থেকে জাতীয় পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ গড়ে তোলার লক্ষ্যে নতুন কুঁড়ি স্পোর্টস চালু করা হয়েছে। এ খেলায় ০৮টি ইভেন্টে ১২ থেকে ১৪ বছর বয়সি শিশুরা অংশ গ্রহণ করবেন। ইভেন্টগুলো হচ্ছে ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিনটন, দাবা, মার্শাল আর্ট ও সাঁতার। এ প্রতিযোগিতা আজ শনিবার থেকে কাবাডি খেলার মাধ্যমে শুরু হয়ে ০৯ মে পর্যন্ত চলবে।

---

হালিম/তৌহিদ/আতিক/২০২৬/১৯.০০ঘ

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd